

# প্রতিপক্ষের হাতে মার খেলেন তিন ছাত্রলীগ নেতা

কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা



শিক্ষককে হেনস্তার অভিযোগে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার হওয়ার পরদিন ছাত্রলীগের এক পক্ষ দুই বহিষ্কৃত নেতাসহ তিনজনকে মারধর করে। গতকাল কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকসংলগ্ন তাজান্না কনফেঞ্চনারির সামনে। ছবি : কালের কণ্ঠ

শিক্ষককে হেনস্তার অভিযোগে কুমিল্লা বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার হওয়ার এক দিন পরই প্রতিপক্ষের হাতে মার খেলেন সংশ্লিষ্ট দুই ছাত্রলীগ নেতাসহ তিন শিক্ষার্থী। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সংলগ্ন তাজান্না কনফেঞ্চনারির সামনে এ ঘটনা ঘটে।

মারধরের শিকার তিন ছাত্রলীগ নেতা হলেন শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের সাধারণ সম্পাদক এনায়েত উল্লাহ, যুগ্ম সাধারণ সম্পাদক সালমান চৌধুরী হৃদয় এবং বিজ্ঞান অনুষদের ছাত্রলীগের সহসভাপতি সাইদুল ইসলাম রোহান।

